গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যালয়
সদরপুর, ফরিদপুর
www.dss.sadarpur.faridpur.gov.bd

অতিজরুরী

# ফ্যামিলি কার্ড সংক্রান্ত সতর্কীকরণ গণবিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার প্রান্তিক ও নিম্ন আয়ের পরিবারকে সুরক্ষা প্রদানের নিমিত্ত 'ফ্যামিলি কার্ড' প্রবর্তনের উদ্যোগ গ্রহণ করেছে। উক্ত কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে মন্ত্রীসভা কমিটির সিদ্ধান্ত মোতাবেক প্রাথমিকভাবে দেশের ১৪ (চৌদ্দ)টি উপজেলা/থানায় ০১ (এক) টি করে ওয়ার্ডে পাইলটিংয়ের সিদ্ধান্ত গৃহিত হয়। মন্ত্রীসভা কমিটি কর্তৃক নির্ধারিত উপজেলাসমূহে ইতোমধ্যে সংশ্লিষ্ট ওয়ার্ড/ইউনিয়ন কমিটির মাধ্যমে সরেজমিন পরিবার জরিপ শুরু হয়েছে।

০২। মন্ত্রীসভা কমিটির সিদ্ধান্তে পাইলটিংয়ে অন্তর্ভুক্ত এলাকা ব্যতীত অন্য এলাকায় 'ফ্যামিলি কার্ড' বিষয়ক কোন কার্যক্রম আপাতত চলমান নেই। ফলে অত্র উপজেলার ০৯ (নয়) টি ইউনিয়নের কোন ওয়ার্ডেই বর্তমানে 'ফ্যামিলি কার্ড' বিতরণের লক্ষ্যে পরিবার জরিপ বা তথ্য সংগ্রহ কার্যক্রম পরিচালিত হচ্ছে না; এছাড়া অনলাইন কোন পোর্টালেও আবেদন গ্রহণ করা হচ্ছে না।

০৩। সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক প্রচারিত বিশেষ সতর্কবার্তায় জানা যায় যে, "একটি অসাধু-চক্র সমাজকল্যাণ মন্ত্রণালয়ের নামে একটি নকল ওয়েবসাইট তৈরি করে ফ্যামিলি কার্ড বিষয়ে প্রতারণার অপচেষ্টা চালাচ্ছে"।

০৪। সরকারের অগ্রাধিকারপ্রাপ্ত কার্যক্রম 'ফ্যামিলি কার্ড' একটি **'বিনামূল্য'** সেবা অর্থাৎ **নীতিমালা অনুযায়ী উপর্যুক্ত ব্যক্তি কোন ফিস প্রদান ছাড়াই সম্পূর্ণ বিনামূল্যে** সেবাটি পাবেন। ফলে কোন সঙ্ঘবদ্ধ প্রতারক চক্র বিবিধ আর্থিক প্রলোভন ও ফ্যামিলি কার্ড প্রাপ্তির নিশ্চয়তা প্রদানের মাধ্যমে অনৈতিক লেনদেন বা আর্থিক সুবিধা দাবী করলে সেটি সর্বৈবভাবে মিথ্যা ও প্রতারণা ছাড়া কিছু নয়। ফ্যামিলি কার্ড পেতে নাগরিকদের যেহেতু কোন ফিস প্রয়োজন হয়না সেহেতু উক্ত সেবা প্রাপ্তির লক্ষ্যে এ ধরণের অনৈতিক লেনদেনে আর্থিকভাবে ক্ষতিগ্রস্থ কিংবা প্রতারিত হওয়ার সম্ভাবনা রয়েছে।

০৫। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক সদরপুর উপজেলায় 'ফ্যামিলি কার্ড' প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলে উপজেলা সমাজসেবা কার্যালয় ও সংশ্লিষ্ট ইউনিয়ন/ওয়ার্ড কমিটির সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিবর্গ, যথাসময়ে আপনার গ্রামে/বাড়িতে পৌঁছে সরেজমিন পরিবার জরিপ কার্যক্রম পরিচালনা করবে।

০৬। এমতাবস্থায়, 'ফ্যামিলি কার্ড' পেতে আগ্রহী নাগরিকবৃন্দকে সর্বপ্রকার প্ররোচনা-প্রলোভনে প্রভাবিত হয়ে অনৈতিক লেনদেন হতে বিরত থাকার আহবান জানানো যাচ্ছে, এবং একই সাথে এধরনের সঙ্ঘবদ্ধ প্রতারক চক্রকে আইন-প্রয়োগকারী সংস্থার নিকট সোপর্দ করার পরামর্শ প্রদান করা যাচ্ছে।

02/06/2026

কাজী শামীম আহমেদ
উপজেলা সমাজসেবা অফিসার
ও
সদস্য-সচিব
ফ্যামিলি কার্ড বাস্তবায়ন/ উপকারভোগী নির্বাচনে উপজেলা কমিটি
ফোন: ০২-৪৭৭৭৯৮১১১

সংযুক্তি:
মন্ত্রীপরিষদ বিভাগের পত্র- ০৬ ফর্দ

নম্বর: ৪১.০১.২৯৮৪.০০০.১৬.০০৫.২৬- 96

তারিখ: ১৬ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ / ০১ মার্চ ২০২৬ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি:

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য-২১৪, ফরিদপুর-০৪, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা।
২। পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ৩/২০ হুমায়ুন রোড, মোহাম্মদপুর, ঢাকা।
৩। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, ফরিদপুর।
৪। উপজেলা নির্বাহী অফিসার সদরপুর, ফরিদপুর।
৫। অফিসার ইন চার্জ, সদরপুর, থানা, ফরিদপুর। [ এ সংক্রান্ত অভিযোগ পেলে ত্বরিত আইনগত ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
৬। চেয়ারম্যান............(সকল) ইউনিয়ন পরিষদ, সদরপুর, ফরিদপুর। [তাঁকে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো]
৭। সভাপতি/সম্পাদক, প্রতিনিধি...........প্রেসক্লাব, সদরপুর, ফরিদপুর [তাঁকে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো]
৮। নোটিশ বোর্ড/অফিস কপি।

02/06/2026

কাজী শামীম আহমেদ
উপজেলা সমাজসেবা অফিসার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সংযোগ অধিশাখা
www.cabinet.gov.bd

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.০০০.৫১২.৯৯.০০০১.২৫.৫২

তারিখ: ১১ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
২৪ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: **ফ্যামিলি কার্ড বাস্তবায়ন।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার প্রান্তিক ও নিম্ন আয়ের পরিবারকে সুরক্ষা প্রদানের নিমিত্ত 'ফ্যামিলি কার্ড' প্রবর্তনের উদ্যোগ গ্রহণ করেছে। উক্ত কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে ২২ ফেব্রুয়ারি ২০২৬ তারিখে অর্থ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব আমির খসরু মাহমুদ চৌধুরী-এঁর সভাপতিতে 'ফ্যামিলি কার্ড প্রদান সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি'র সভা অনুষ্ঠিত হয়। সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের মধ্যে নিম্ন-বর্ণিত কার্যক্রমসমূহের সাথে মাঠ প্রশাসনের সম্পৃক্ততা রয়েছে:

ক) প্রাথমিকভাবে দেশের ১৪টি উপজেলা/থানার প্রতিটিতে ১টি ওয়ার্ড করে মোট ১৪টি ওয়ার্ডে পাইলটিংয়ের মাধ্যমে **নারী প্রধান প্রতিটি খানার গৃহকর্ত্রী**-এর নামে ফ্যামিলি কার্ড বিতরণের লক্ষ্যে সুবিধাভোগী নির্বাচন কার্যক্রম শুরু করা হবে (১৪টি ওয়ার্ডের তালিকা সংযুক্তি-১);

খ) ফ্যামিলি কার্ড বিতরণ সংক্রান্ত কার্যাবলী সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে উপজেলা, শহর, ইউনিয়ন, পৌর, ওয়ার্ড কমিটি (গ্রাম) ও ওয়ার্ড কমিটি (শহর) গঠন করা হয়েছে। কমিটির গঠন ও কার্যাবলী সংযুক্ত (সংযুক্তি-২,৩,৪);

গ) প্রতিটি উপজেলায় কর্মরত ১ জন প্রথম শ্রেণির কর্মকর্তা সংশ্লিষ্ট ওয়ার্ডে তদারকি কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করবে। এক্ষেত্রে উপজেলার ট্যাগ অফিসার প্রয়োজনীয় সহায়তা প্রদান করবে;

ঘ) কমিটি আগামী ৫ কার্যদিবসের মধ্যে নীতিমালা মোতাবেক সুবিধাভোগী নির্বাচনপূর্বক বিস্তারিত প্রতিবেদন দাখিল করবে এবং

ঙ) খানা প্রধান নারী ব্যতীত পরিবারের অন্যান্য সদস্যদের অন্যান্য ভাতা গ্রহণ অব্যাহত থাকবে। তবে নারী খানা প্রধান ফ্যামিলি কার্ড ব্যতীত অন্য কোন ভাতা গ্রহণ করতে পারবে না।

চ) ফ্যামিলি কার্ড বাস্তবায়ন সম্পর্কিত কোন অভিযোগ থাকলে উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর অনলাইন অথবা ম্যানুয়ালি দাখিল করতে পারবে;

ছ) অর্থ বিভাগ ও সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সমন্বয়ে যৌথ কমিটি প্রতি মাসে ফ্যামিলি কার্ড বাস্তবায়নের কার্যক্রম তদারকি ও মূল্যায়ন করবে।

২। নীতিমালা মোতাবেক ফ্যামিলি কার্ডের উপকারভোগী নির্বাচন এবং ফ্যামিলি কার্ড বিতরণ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। উপকারভোগী নির্বাচন ও ফ্যামিলি কার্ড বিতরণে নীতিমালা বহির্ভূত কোনো কার্যক্রম বা অন্য কোনো অনিয়ম পরিলক্ষিত হলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৩। **ইহা সরকারের সর্বোচ্চ অগ্রাধিকারপ্রাপ্ত প্রকল্পসমূহের একটি।**

৪। এমতাবস্থায়, বর্ণিত বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**সংযুক্তিসমূহঃ**

(১) সংযুক্তি-১.
(২) সংযুক্তি-২,৩,৪

২৪-০২-২০২৬
মু. মাহমুদ উল্লাহ মারুফ
উপসচিব
ফোন : ২২৬৬৪১০৫৭
ইমেইল : dfal_sec@cabinet.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। জেলা প্রশাসক (সকল) এবং
২। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.০০০.৫১২.৯৯.০০০১.২৫.৫২/১ (২)

তারিখ: ১১ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
২৪ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয় এবং
২। কমিশনার (সকল)।

২৪-০২-২০২৬
মু. মাহমুদ উল্লাহ মারুফ
উপসচিব

সংযুক্তি-১

## 'ফ্যামিলি কার্ড' প্রাথমিকভাবে দেয়া হবে এমন উপজেলা, জেলা ও বিভাগ

| ক্র. | বিভাগ/অঞ্চল | জেলা | উপজেলা/থানা | ওয়ার্ড |
|---|---|---|---|---|
| ১. | ঢাকা | ঢাকা | বনানী | কড়াইল বস্তি, সাততলা বস্তি, ভাসানটেক বস্তি |
| ২. | | | মিরপুর সার্কেল/শাহ্ আলী | ওয়ার্ড-৮, আলিমিয়ার টেক বস্তি<br>ওয়ার্ড-১৪, বাগানবাড়ি বস্তি |
| ৩. | ফরিদপুর | রাজবাড়ী | পাংশা | ১টি ওয়ার্ড |
| ৪. | চট্টগ্রাম | চট্টগ্রাম | পতেঙ্গা | ১টি ওয়ার্ড |
| ৫. | | ব্রাহ্মণবাড়িয়া | বাঞ্চারামপুর | ১টি ওয়ার্ড |
| ৬. | চট্টগ্রাম পার্বত্য অঞ্চল | বান্দরবান | লামা | ১টি ওয়ার্ড |
| ৭. | খুলনা | খুলনা | খালিশপুর | ১টি ওয়ার্ড |
| ৮. | বরিশাল | ভোলা | চরফ্যাশন | ১টি ওয়ার্ড |
| ৯. | সিলেট | সুনামগঞ্জ | দিরাই | ১টি ওয়ার্ড |
| ১০. | ময়মনসিংহ | কিশোরগঞ্জ | ভৈরব | ১টি ওয়ার্ড |
| ১১. | রাজশাহী | বগুড়া | বগুড়া সদর | ১টি ওয়ার্ড |
| ১২. | | নাটোর | লালপুর | ১টি ওয়ার্ড |
| ১৩. | রংপুর | ঠাকুরগাঁও | ঠাকুরগাঁও সদর | ১টি ওয়ার্ড |
| ১৪. | | দিনাজপুর | নবাবগঞ্জ | ১টি ওয়ার্ড |

ফ্যামিলি কার্ড বাস্তবায়ন/উপকারভোগী নির্বাচন কমিটি নিম্নরূপ:

### ওয়ার্ড কমিটি (গ্রাম)

| | | |
|---|---|---|
| ০১. | স্বাস্থ্য সহকারী | আহবায়ক |
| ০২. | পরিবার পরিকল্পনা সহকারী | সদস্য |
| ০৩. | গ্রাম পুলিশ | সদস্য |
| ০৪. | আনসার ভিডিপি দলনেতা | সদস্য-সচিব |

### ওয়ার্ড কমিটি (শহর)

| | | |
|---|---|---|
| ০১. | সহকারী স্বাস্থ্য কর্মকর্তা, সিটি কর্পোরেশন/পৌরসভা | আহবায়ক |
| ০২. | বস্তি উন্নয়ন কর্মকর্তা | সদস্য |
| ০৩. | পরিবার পরিকল্পনা সহকারী | সদস্য |
| ০৪. | শিশু সুরক্ষা সমাজকর্মী | সদস্য |
| ০৫. | পৌর সমাজকর্মী | সদস্য-সচিব |

ওয়ার্ড কমিটির (গ্রাম/শহর) কর্মপরিধি:

১. নীতিমালা অনুযায়ী প্রকৃত দরিদ্র/ অসহায় পরিবারকে প্রাথমিকভাবে তালিকাভুক্তকরণ;
২. জাতীয় পরিচয়পত্রের ভিত্তিতে তথ্য যাচাইকরণ;
৩. সামাজিক নিরাপত্তার অধীনে নারী খানা প্রধানের ক্ষেত্রে দ্বৈততা পরিহারের ব্যবস্থা গ্রহণ;
৪. আয়, পেশা, সম্পদ ইত্যাদি ফিজিক্যাল ভেরিফিকেশনপূর্বক অগ্রাধিকার নির্ধারণ;
৫. ওয়ার্ড ভিত্তিক নারী প্রধান প্রতিটি খানার তালিকা প্রস্তুত এবং তা ইউনিয়নে প্রেরণ;
৬. উপকারভোগী নির্বাচনে রাজনৈতিক ও ব্যক্তিগত প্রভাবমুক্ত রাখা;
৭. গণশুনানি আয়োজন;
৮. নিয়মিত মৃত/স্থানান্তরিত পরিবার বাদ দিয়ে তালিকা হালনাগাদ করণ;
৯. নতুন দরিদ্র পরিবার অন্তর্ভুক্তির সুপারিশ করণ;

সংযুক্তি-৩

ফ্যামিলি কার্ড বাস্তবায়ন/উপকারভোগী নির্বাচন কমিটি নিম্নরূপ:

ইউনিয়ন কমিটি

| | | |
|---|---|---|
| ১. | উপসহকারী কৃষি কর্মকর্তা | আহবায়ক |
| ২. | সহকারী স্বাস্থ্য পরিদর্শক | সদস্য |
| ৩. | পরিবার পরিকল্পনা পরিদর্শক | সদস্য |
| ৪. | ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা | সদস্য |
| ৫. | দফাদার | সদস্য |
| ৬. | ইউনিয়ন সমাজকর্মী | সদস্য-সচিব |

পৌর কমিটি

| | | |
|---|---|---|
| ১. | প্রধান নির্বাহী কর্মকর্তা/নির্বাহী কর্মকর্তা | আহবায়ক |
| ২. | প্রতিনিধি, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | সদস্য |
| ৩. | পরিবার পরিকল্পনা পরিদর্শক | সদস্য |
| ৪. | পৌর ভূমি সহকারী কর্মকর্তা | সদস্য |
| ৫. | প্রতিনিধি, সংশ্লিষ্ট থানা | সদস্য |
| ৬. | পৌর সমাজকর্মী | সদস্য-সচিব |

ইউনিয়ন/পৌর কমিটির কর্মপরিধি:

১. ওয়ার্ড কমিটি কর্তৃক প্রস্তাবিত তালিকার ওপর আপত্তি গ্রহণ ও নিষ্পত্তি করা;
২. ওয়ার্ডের প্রাথমিক তালিকা চূড়ান্তকরণ, সুপারিশ প্রদান ও উপজেলা কমিটিতে প্রেরণ;
৩. নিয়মিত গণশুনানির আয়োজন ও সুপারিশ প্রণয়ন।

সংযুক্তি-৪

ফ্যামিলি কার্ড বাস্তবায়ন/উপকারভোগী নির্বাচন কমিটি নিম্নরূপ:

## উপজেলা কমিটি

| | | |
|---|---|---|
| ১. | উপজেলা নির্বাহী অফিসার | আহবায়ক |
| ২. | সহকারী কমিশনার (ভূমি) | সদস্য |
| ৩. | উপজেলা কৃষি কর্মকর্তা | সদস্য |
| ৪. | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার | সদস্য |
| ৫. | উপজেলা মহিলা ও শিশু বিষয়ক কর্মকর্তা | সদস্য |
| ৬. | উপজেলা শিক্ষা অফিসার | সদস্য |
| ৭. | উপজেলা নির্বাচন অফিসার | সদস্য |
| ৮. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার | সদস্য |
| ৯. | উপজেলা আইসিটি কর্মকর্তা | সদস্য |
| ১০. | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা | সদস্য |
| ১১. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | সদস্য |
| ১২. | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | সদস্য-সচিব |

## শহর কমিটি

| | | |
|---|---|---|
| ১. | আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন/**উপজেলা নির্বাহী কর্মকর্তা** | আহবায়ক |
| ২. | সহকারী কমিশনার (ভূমি) | সদস্য |
| ৩. | মেট্রোপলিটন কৃষি কর্মকর্তা | সদস্য |
| ৪. | সমাজকল্যাণ কর্মকর্তা | সদস্য |
| ৫. | প্রতিনিধি, মহিলা ও শিশু বিষয়ক অধিদফতর | সদস্য |
| ৬. | থানা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা | সদস্য |
| ৭. | থানা নির্বাচন অফিসার | সদস্য |
| ৮. | থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | সদস্য |
| ৯. | থানা পরিসংখ্যান কর্মকর্তা | সদস্য |
| ১০. | থানা স্বাস্থ্য কর্মকর্তা | সদস্য |
| ১১. | প্রতিনিধি, বিআরডিবি | সদস্য |
| ১২. | শহর সমাজসেবা কর্মকর্তা | সদস্য-সচিব |

উপজেলা/শহর কমিটির কর্মপরিধি:

১. ইউনিয়ন কমিটির সুপারিশক্রমে সকল ওয়ার্ডের পরিবার/খানার ফ্যামিলি কার্ডের তালিকা চূড়ান্তকরণ;
২. চূড়ান্ত তালিকা অনুযায়ী কার্ড প্রদানের প্রশাসনিক সকল কার্যাদি সম্পাদন;
৩. ফ্যামিলি কার্ড বাস্তবায়নে মাঠ পর্যায়ে উদ্ভুত সমস্যা সমাধান ও কেন্দ্রীয় কমিটিকে অবহিতকরণ।